

প্রেস রিলিজ

তারিখ: ০১ আগস্ট ২০২৫

" উচ্চশিক্ষায় গুণগত মান নিশ্চিত বাউবি দৃঢ়প্রতিজ্ঞ ": বাগেরহাটে এইচএসসি
পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে বাউবি উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত এইচএসসি প্রোগ্রামের ২০২৫ সালের পরীক্ষা আজ শুক্রবার (০১ আগস্ট) সকাল ও বিকালের দুই শিফটে সারা দেশে একযোগে অনুষ্ঠিত হয়। এই উপলক্ষে আজ বাগেরহাট জেলার খানজাহান আলী ডিগ্রি কলেজে অবস্থিত বাউবির পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন, বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। পরিদর্শনকালে উপাচার্য পরীক্ষার পরিবেশ, শিক্ষার্থীদের উপস্থিতি ও কেন্দ্রের সার্বিক ব্যবস্থাপনা প্রত্যক্ষ করেন। তিনি সুশৃঙ্খল ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণে সন্তোষ প্রকাশ করেন এবং কেন্দ্র সমন্বয়কারী, পরিদর্শকবৃন্দ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানান। এসময় উপাচার্য বলেন, “দেশব্যাপী শিক্ষার আলো ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এইচএসসি পর্যায়ে শিক্ষার্থীদের গুণগত শিক্ষা এবং ন্যায়সঙ্গত মূল্যায়ন নিশ্চিত করতে আমরা সর্বোচ্চ আন্তরিকতা নিয়ে দায়িত্ব পালন করছি। সুষ্ঠু ও নিরপেক্ষ পরীক্ষা ব্যবস্থাপনায় বাউবি সবসময় তৎপর রয়েছে। পরিদর্শন শেষে তিনি পরীক্ষার সার্বিক ব্যবস্থাপনা নিয়ে সংশ্লিষ্টদের সঙ্গে মতবিনিময় করেন এবং স্থানীয় প্রশাসন, কলেজ কর্তৃপক্ষ ও বাউবির মাঠপর্যায়ের কর্মকর্তাদের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। পরিদর্শনকালে উপাচার্যের সঙ্গে উপস্থিত ছিলেন, বাউবির বাগেরহাট উপ-আঞ্চলিক কেন্দ্রের যুগ্ম-আঞ্চলিক পরিচালক মোঃ আব্দুল হান্নান।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক
যুগ্ম-পরিচালক
মোবাইল: ০১৭১৪৫০৫৭৪৭